

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে এবং VTZUSA -এর সহযোগিতায় 'স্কিলড ম্যানপাওয়ার ডেভেলপমেন্ট অন ইন্টেলিজেন্ট ট্রান্সপোর্টেশন সিস্টেম টুয়ার্ডস ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভ্যুলুশন' (Skilled Manpower Development on Intelligent Transportation System Towards 4IR) শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরের মাল্টিপারপাস ভবনের অডিটরিয়ামে ওই সেমিনারের উদ্বোধন করেন চুয়েটের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল আলম।

advertisement 3

এতে বিশেষ অতিথি ছিলেন তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডিন ও শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটরের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইইই বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মোহাম্মদ রুবাইয়াৎ তানভীর হোসেন। সেমিনারের ১ম সেশনের রিসোর্স পারসন ছিলেন যুক্তরাষ্ট্রের ইঞ্জিনিয়ার অরিত্র ডি. আপন এবং ২য় সেশনের রিসোর্স পারসন ছিলেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ট্রান্সপোর্টেশন বিভাগের ইঞ্জিনিয়ার রানা বডুয়া। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইইই বিভাগের সহকারী অধ্যাপক ড. সম্পদ ঘোষ।